**শুরুতেই হারল ইস্টবেঙ্গল**

ইংল্যান্ডে প্রিমিয়ার লিগ নেক্সট জেনারেশন কাপের প্রথম ম্যাচেই ক্রিস্টাল প্যালেসের কাছে ০–১ হার ইস্টবেঙ্গলের। ম্যাচগুলি ৪ পয়েন্টে খেলা হচ্ছে। নির্ধারিত সময়ের জন্য ৩ এবং ১ পয়েন্ট টাইব্রেকারে। টাইব্রেকারেও ২–৪ হারে। পরবর্তী ম্যাচ আজ ৭ : ৩০, এভার্টনের বিরুদ্ধে।

### বাংলার হয়ে খেলবেন সামি

# চাঁদের হাটে সম্মানিত সৌরভ

ভারত গৌরব সৌরভকে আলিঙ্গন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ের। মহম্মদ সামিকে পুরস্কার তুলে দিলেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ও কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। ছবি: অভিষেক চক্রবর্তী

**রাজর্ষি গাঙ্গুলি**

এক নজরে দেখলে মনে হবে, আকাশের সব নক্ষত্র নেমে এসেছে। বৃহস্পতিবার সন্ধ্যাবেলা ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে, ইস্টবেঙ্গল দিবসের অনুষ্ঠান উপলক্ষে নক্ষত্রমেলা। সৌরভ গাঙ্গুলি, মহম্মদ সামিরা তো ছিলেনই। ছিলেন শ্যাম থাপা, সমরেশ চৌধুরী, মনোরঞ্জন ভট্টাচার্য, অলোক মুখার্জি, মেহতাব হোসেন সহ বেশ কিছু প্রাক্তন ফুটবলার। ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস, স্নেহাশিস চক্রবর্তী, সুজিত বসু, কলকাতার মহানাগরিক ফিরহাদ হাকিম, বিধায়ক দেবাশিস কুমার, টলিউড তারকা প্রসেনজিৎ চ্যাটার্জি, সিএবি সভাপতি স্নেহাশিস গাঙ্গুলি, আইএফএ সচিব অনির্বাণ দত্ত, চেয়ারম্যান সুব্রত দত্ত প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন কোচ কার্লেস কুয়াদ্রাত সহ ইস্টবেঙ্গল সিনিয়র দলের ফুটবলাররা।

এই মঞ্চেই প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে ‘ভারত গৌরব’ পুরস্কারে সম্মানিত করল ইস্টবেঙ্গল। আর পুরস্কার নেওয়ার সময় সৌরভ মঞ্চে ডেকে নিলেন অন্যান্য ক্রীড়াবিদদের। তিনি মঞ্চ থেকে বলেন, ‘ইস্টবেঙ্গল তিন বছর ধরে এই পুরস্কার আমায় দিতে চাইছে। বাইরে থাকায় নিতে পারিনি। ইস্টবেঙ্গল ক্লাবের সব থেকে বড় শক্তি এই জার্সির রং। একটা আলাদা ক্ষমতা রয়েছে। ক্রিকেটে যেমন ভারত বিশ্বসেরা, তেমনি শরীরী ভাষা ঠিক রাখতে পারলে ফুটবলেও সম্ভব।’ বিসিসিআইয়ে দায়িত্ব থাকার সময় তিনি নিযুক্ত করেছিলেন রাহুল দ্রাবিড়কে। তাই তাঁর সাফল্য বাড়তি তৃপ্তি দেয় সৌরভকে। তিনি জানিয়েছেন, ‘আমি একা করিনি। সবাই মিলেই দায়িত্ব দিয়েছিলাম। ভাল লাগছে ও সফল হওয়ার পর।’ পরে বলেন, ‘আমি চাই আইপিএলের মেগা নিলাম হোক। তাহলে আকর্ষণ থাকবে। আর কাল দিল্লি ক্যাপিটালস নিয়ে বৈঠক আছে আমাদের।’ গৌতম গম্ভীরকে নিয়ে তিনি বলেন, ‘সবে শুরু করেছে। অনেক শুভেচ্ছা।’ অলিম্পিকে ভারত বেশি পদক পেলে, তা যে সব খেলার উন্নতি–যাত্রা সুগম করবে তাও মনে করছেন সৌরভ।

এদিনের অনুষ্ঠানে ইস্টবেঙ্গলের তরফে ‘প্রাইড অফ বেঙ্গল’ পুরস্কারে সম্মানিত করা হয় ভারতীয় ক্রিকেটার মহম্মদ সামিকে। তিনি জানালেন, ‘বাংলা আমাকে যে সম্মান দিয়েছে, তা কোথাও পাইনি। আমাকে পরিচিতি দিয়েছে। আমি এখন মাঠে ফেরার লড়াই করছি। ভারতের জাতীয় দলে কবে ফিরব জানি না। তবে ভারতের হয়ে আবার খেলার আগে বাংলার জার্সিতে খেলব। ভাল সিরিজের আগে কয়েকটা রঞ্জি ম্যাচ খেলতে চাই।’ নতুন ভারতীয় কোচিং টিম নিয়ে তাঁর মন্তব্য, ‘দলের ক্রিকেটারদের সঙ্গে বন্ডিংয়ের ওপর নির্ভর করে কোচিং টিমের সাফল্য।’ এদিন তাঁকে ইস্টবেঙ্গলের হয়ে ঘরোয়া ক্রিকেট খেলার প্রস্তাব দেন কর্তা দেবব্রত সরকার। ইস্টবেঙ্গলের পুরস্কার নিয়ে তিনি বলেন, ‘খুব গর্বিত। মোহনবাগান ডাকলে সেখানেও যেতাম।’

এদিনের অনুষ্ঠানে জীবনকৃতি সম্মান পেলেন দুই প্রাক্তন ফুটবলার প্রশান্ত ব্যানার্জি এবং রঞ্জিত মুখার্জি। পুরস্কৃত হলেন সমর্থক থেকে রেফারিরাও। পুরস্কৃত হলেন দুই সাংবাদিক রাজদীপ সরদেশাই এবং সরোজ চক্রবর্তী। একই মঞ্চে সম্মানিত হলেন ইস্টবেঙ্গল কোচ কার্লেস কুয়াদ্রাত, ফুটবলার নন্দকুমার এবং প্রভসুখন সিং গিল। কার্লেস বলছেন, ‘আমি এসে দেখেছিলাম ইস্টবেঙ্গল ঘুরে দাঁড়ানোর লড়াই করছে। ট্রফি জেতাতে পেরে খুব খুশি। ইস্টবেঙ্গলের মতো ভারতে আর কোনও ক্লাব নেই।’

অন্যদিকে হেক্টর ইয়ুস্তের এক বছরের জন্য ইস্টবেঙ্গলে যোগদানের কথা, এদিন সরকারিভাবে ঘোষণা করা হল।

## নতুন ইনভেস্টর শ্রাচী

**আজকালের প্রতিবেদন**

**অবশেষে ইনভেস্টর নিয়ে চিন্তা মিটল মহমেডান স্পোর্টিংয়ের। শ্রাচী গ্রুপ যুক্ত হল সাদা–কালো শিবিরের সঙ্গে। শেষ কয়েকদিন দফায় দফায় বৈঠক হয়েছে দু’তরফের মধ্যে। মধ্যস্থতার দায়িত্বে ছিলেন প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ গাঙ্গুলি। অবশেষে বুধবার রাতে বিষয়টি চূড়ান্ত হয়ে যায়। আর বৃহস্পতিবার চুক্তিপত্র সই হয়ে গেল। যা খবর তাতে, ৩০.৫ শতাংশ শেয়ার থাকবে শ্রাচীর হাতে। সমপরিমাণ শেয়ার থাকবে বাঙ্কারহিলের হাতে। মহমেডান ক্লাবের হাতে ৩৯ শতাংশ।**

**আপাতত কতদিনের জন্য চুক্তি হল? কত অর্থই বা দেবে শ্রাচী? যা খবর, তাতে আপাতত ৩ বছরে ১০০ কোটি টাকা তারা বিনিয়োগ করবে মহমেডানে। প্রথম বছর ৩০ কোটি এবং তারপরের দু’বছর ৩৫ কোটি টাকা করে বিনিয়োগ করা হবে। মহমেডান ফুটবল সচিব দীপেন্দু বিশ্বাস রাতে জানালেন, ‘আমরা সৌরভ গাঙ্গুলির কাছে কৃতজ্ঞ। ধন্যবাদ জানাই শ্রাচী গ্রুপের কর্ণধার রাহুল টোডি এবং তাঁর টিমকে।’ অন্যদিকে ১০ আগস্ট থেকে অনুশীলন শুরু করতে পারে মহমেডানের সিনিয়র দল।**

## নতুন চুক্তির পর প্রত্যয়ী দিমিত্রি

**আজকালের প্রতিবেদন**

তিনি শেষ দু’বছরে মোহনবাগানের সব থেকে ধারাবাহিক বিদেশি। প্রায় একাই আক্রমণ ভাগের দায়িত্ব নিয়েছিলেন। একের পর এক গোল সঙ্গে অ্যাসিস্ট। প্রথম বছরে মোহনবাগানকে চ্যাম্পিয়ন করিয়েছেন আইএসএল কাপ। আর গত বছর আইএসএল শিল্ড। শেষ আইএসএলের সেরা ফুটবলার নির্বাচিত হয়েছেন। সেই অস্ট্রেলিয়ান অ্যাটাকার দিমিত্রি পেত্রাতোস মোহনবাগানের সঙ্গে আরও দু’বছরের জন্য চুক্তিবদ্ধ হলেন। পারিবারিক অনুষ্ঠান থাকায় মোহনবাগান অনুশীলনে তিনি এখনও যোগ দেননি। আগামী সপ্তাহে তাঁর কলকাতায় আসার কথা।

মোহনবাগানে নতুন চুক্তি সই করার পর দিমিত্রি বলছেন, ‘চেষ্টা করব দলকে আরও ট্রফি জেতাতে। এবার আমাদের দল আরও শক্তিশালী। দীর্ঘদিনের বন্ধু জেমি ম্যাকলারেন এবার দলে যোগ দিয়েছে। গ্রেগ স্টুয়ার্টের মতো ফুটবলার এবার আমাদের দলে। গতবারের মতো এবারও আমরা সফল হব, এই বিশ্বাস রয়েছে।’ অন্যদিকে, খারাপ আবহাওয়ার জন্য ব্যারাকপুর স্টেডিয়ামের মাঠ বেহাল। তাই শুক্রবার কলকাতা লিগে মোহনবাগান বনাম কালীঘাট স্পোর্টস লাভার্স অ্যাসোসিয়েশনের ম্যাচ বাতিল হয়ে গেল।

## রিমোকে শ্রাচীর সংবর্ধনা

**আজকালের প্রতিবেদন**

রিমোর হাতে জার্সি তুলে দেওয়া হল।

এবার পোল্যান্ডে নতুন অভিযানে নামবেন দেশের নামী প্যারা–সাঁতারু রিমো সাহা। বাল্টিক সমুদ্রে সাঁতারের প্রস্তুতি নিচ্ছেন রিমো। সম্প্রতি নিজেদের দপ্তরে একটি বিশেষ অনুষ্ঠানে তাঁকে সংবর্ধিত করল শ্রাচী স্পোর্টস। অনুষ্ঠানে রিমোর হাতে জার্সির সেট তুলে দেওয়া হয়। রিমো ইংলিশ চ্যানেল পেরিয়েছেন দু’বার। দেশে এবং বিদেশে প্যারা–সাঁতারে অসংখ্য সাফল্য পেয়েছেন তিনি। এই সংবর্ধনায় আপ্লুত রিমো কৃতজ্ঞতা জানিয়েছেন শ্রাচী স্পোর্টসকে। অনুষ্ঠানে শ্রাচী স্পোর্টসের একজিকিউটিভ ডিরেক্টর পুনম থারার বলেন, ‘রিমোর জার্সি আমাদের কাছে প্রেরণা।’

## রাফাদের হার

অলিম্পিকে পুরুষ ডাবলসের কোয়ার্টার ফাইনালে হার রাফায়েল নাদাল–কার্লোস আলকারাজের। স্পেনের এই জুটিকে ৬–২, ৬–৪ সেটে হারাল আমেরিকার রাজীব রাম–অস্টিন ক্রাজিচেক জুটি। সিঙ্গলসে অবশ্য সেমিফাইনালে উঠলেন আলকারাজ। কোয়ার্টারে ৬–৩, ৭–৬ (৯/৭) সেটে হারালেন টমি পলকে।


ফর্ম নং ১৪

[রেগুলেশন ৩৩(২) দ্রষ্টব্য]

প্রাপ্তিস্বীকারপত্র সহ রেজিস্টার্ড পোস্ট এবং দাশতির মাধ্যমে, যা ব্যর্থ হলে প্রকাশনার মাধ্যমে।

**রিকভারি অফিসার–১/২ এর অফিস ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি**

তৃতীয় তল, পিসিএম টাওয়ার, সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪০০১ (পশ্চিমবঙ্গ)

**দাবি বিজ্ঞপ্তি**

রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপসি অ্যাক্ট, ১৯৯৩ এর ধারা নং ২৫ থেকে ২৮ এবং ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১ এর দ্বিতীয় তফসিলের রুল ২ অধীনে বিজ্ঞপ্তি

আরসি/১৪৭/২০২৩ ১২.০৬.২০২৪

**ইউকো ব্যাঙ্ক**

**~ বনাম ~**

**শ্রী বিকাশ কুণ্ডু এবং অন্যান্য**

প্রতি:

**(সিডি ১) শ্রী বিকাশ কুণ্ডু,** পিতা প্রয়াত স্বপন কুণ্ডু, ঠিকানা: কলেজ পাড়া, ওয়ার্ড নং ১, পোঃ এবং থানা ধূপগুড়ি, জেলা জলপাইগুড়ি–৭৩৫২১০।

**(সিডি ২) শ্রীমতী প্রতিভা কুণ্ডু,** স্বামী প্রয়াত স্বপন কুণ্ডু, ঠিকানা: কলেজ পাড়া, ওয়ার্ড নং ১, পোঃ এবং থানা ধূপগুড়ি, জেলা জলপাইগুড়ি–৭৩৫২১০।

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **ওএ/৪২/২০২২** এর প্রেক্ষিতে মহামান্য প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি এর আদেশ অনুযায়ী জারিকৃত রিকভারি সার্টিফিকেট মোতাবেক আপনাদের থেকে **₹৪২,৬৪,০৪৪.০০ (বিয়াল্লিশ লক্ষ চৌষট্টি হাজার চুয়াল্লিশ টাকা মাত্র),** তৎসহ **০৬.০৬.২০২২** থেকে আদায়ের তারিখ পর্যন্ত বার্ষিক ৮.৪৫% হারে বকেয়া ও ভবিষ্যতের সরল সুদ এবং মাসুল বাবদ আপনাদের (যৌথ ও এককভাবে, পূর্ণত বা সীমাবদ্ধরূপে) থেকে **₹৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র)** বকেয়া ও অনাদায়ী রয়েছে।

২. এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি নির্দেশ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান মোতাবেক আপনাদের বিরুদ্ধে বকেয়া পুনরুদ্ধারের আইনি প্রক্রিয়া চালানো হবে।

৩. এতদ্দ্বারা শুনানির পরবর্তী তারিখের মধ্যে আপনাদের পরিসম্পদসমূহের বিশদ খতিয়ান একটি হলফনামার মাধ্যমে ঘোষণার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।

৪. এতদ্দ্বারা এই কার্যাদির পরবর্তী প্রক্রিয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর সামনে **২০.০৮.২০২৪** তারিখে সকাল ১০:৩০টায় হাজির থাকার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।

৫. ওপরে লেখা অর্থাঙ্ক ছাড়াও আপনারা নিম্নলিখিত অর্থাঙ্ক প্রদানে দায়বদ্ধ:

(ক) কার্যাদি সম্পন্নকারী এই সার্টিফিকেটের বিজ্ঞপ্তি/ প্রক্রিয়া শুরুর পরবর্তী মেয়াদের জন্য প্রদেয় সুদ;

(খ) এই বিজ্ঞপ্তি ও পরোয়ানার পরিষেবা এবং বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের কার্যাবলি সংক্রান্ত যাবতীয় মাসুল, চার্জ ও খরচাপাতি।

নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম। তারিখ: **১২.০৬.২০২৪।**

স্বাঃ

রিকভারি অফিসার

ডেটস রিকভারি ট্রাইবুনাল শিলিগুড়ি



**Chola**

*Enter a better life*

**চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**

কর্পোরেট অফিস:

‘চোলা ক্রেস্ট’, সি৫৪ এবং ৫৫, সুপার বি–৪, থিরু ভি ক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২, ভারত

রিজিওনাল অফিস: ৫৫ এবং ৫৫/১, চৌরঙ্গি রোড, ৪ নং ফ্লোর, চৌরঙ্গি কোর্ট, রবীন্দ্র সদনে নেহরু চিলড্রেন’স মিউজিয়ামের বিপরীতে, কলকাতা–৭০০০৭১, পশ্চিমবঙ্গ

**দাবি বিজ্ঞপ্তি**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে জারিকৃত দাবি বিজ্ঞপ্তি**

আপনারা, নিম্নলিখিত ঋণগ্রহীতা/ বন্ধকদাতার প্রতি এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে কোম্পানি আপনাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ শুরু করেছে এবং উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে প্রাপ্তিস্বীকারপত্র–সহ ঋণগ্রহীতা হিসেবে আপনাদের প্রতি রেজিস্টার্ড ডাক মাধ্যমে প্রেরিত নোটিস অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে। সেই কারণে, এই প্রকাশনা জারির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নিম্নলিখিত অ্যাকাউন্টের পাশে উল্লিখিত ঋণ বাবদ অনাদায়ী বকেয়া অর্থাঙ্ক উদ্ভূত সুদ সমেত আদায় দেওয়ার জন্য আপনাদের প্রতি আহ্বান জানানো হচ্ছে, যার অন্যথা হলে আপনাদের থেকে কোম্পানির পাওনা অর্থাঙ্ক সুদ ও মাশুল সমেত পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সুরক্ষিত পরিসম্পদ ক্রোক করার পাশাপাশি উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে কোম্পানির প্রতি উপলব্ধ যাবতীয় অধিকার আপনাদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে। এটাও উল্লেখ করার কোনও প্রয়োজন নেই যে, কোম্পানির প্রতি উপলব্ধ অন্য কোনও প্রতিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে আপনাদের অবগতির জন্য এই নোটিসটি জারি করা হল।

| ক্রম নং | ক) লোন অ্যাকাউন্ট নম্বর খ) ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতার নাম ও ঠিকানা | ঋণের অর্থাঙ্ক | দাবি বিজ্ঞপ্তির তারিখ, দাবিকৃত অর্থাঙ্ক এবং এনপিএর তারিখ | সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদের বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | **ক) লোন অ্যাকাউন্ট নম্বর: X0HEASA00003010509** **খ) ১. শম্ভু নাথ ঘোষ (আবেদনকারী)** **২. কল্যাণী ঘোষ (সহ–আবেদনকারী)** **৩. অনুপম ঘোষ (সহ–আবেদনকারী)** **সকলের ঠিকানা:** ১২/১/সি, শিব চন্দ্র চ্যাটার্জি স্ট্রিট, বেলুড় মঠ, বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭১১২০২ **৪. মেসার্স শ্রীধর কল্যাণী সুইটস (সহ–আবেদনকারী)** ডাঃ মহঃ শামিম খান রোড, হাওড়া, বেলুড়, ওয়ার্ড নং ৫৯, হোল্ডিং নং ৫২/১, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭১১২০২ | ₹২৮,০০,০০০.০০ (আঠাশ লক্ষ টাকা মাত্র) | ২৪.০৭.২০২৪ ₹৩০,৭৯,৪৬২.০০ (তিরিশ লক্ষ উনআশি হাজার চারশো বাষট্টি টাকা মাত্র), ২৪.০৭.২০২৪ অনুযায়ী **এনপিএর তারিখ: ০৪.০৭.২০২৪** | উপরিস্থিত কাঠামো সমেত সামান্য কমবেশি ১ কাঠা ৮ ছটাক বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বেলুড়, পুরনো হোল্ডিং নং ১২/১, শিব চন্দ্র চ্যাটার্জি স্ট্রিট, বর্তমানে অংশত ১২/১/বি, শিব চন্দ্র চ্যাটার্জি স্ট্রিট–এর অধীনে যার পরিমাপ ৩৫৮ বর্গফুট (উত্তর পার্শ্বে) এবং অংশত ১২/১/সি, শিব চন্দ্র চ্যাটার্জি স্ট্রিট–এর অধীনে যার পরিমাপ ৭২২ বর্গফুট, সর্মোট ১০৮০ বর্গফুট, থানা– বালি, জেলা– হাওড়া, ওয়ার্ড নং ১১, বালি পুরসভা। এটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর ও পূর্ব– ড্রেনের পরে ইন্ডিয়ান অ্যালুমিনিয়াম কোম্পানির শেড; দক্ষিণ– বিশ্বনাথ নন্দন ও সরস্বতী নন্দনের সম্পত্তি; পশ্চিম– শ্যাম সুন্দর নন্দনের সম্পত্তি এবং কমন প্যাসেজ। |

তারিখ: ০২.০৮.২০২৪

স্থান: হাওড়া (পশ্চিমবঙ্গ)

অনুমোদিত আধিকারিক

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড



**ইনকন ইঞ্জিনিয়ার্স লিমিটেড**

বি–৬/৩, আইডিএ, উপ্পল, হায়দরাবাদ–৫০০০৩৯।

CIN: L74210TG1970PLC001319

**বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৪৭ সহ পঠনীয় ২৯ ধারা মোতাবেক ৩০ জুন, ২০২৪ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকে এই কোম্পানির অপরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও রেকর্ডভুক্তির জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরদের মিটিং সোমবার, ১২ আগস্ট, ২০২৪ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিস বি–৬/৩, আইডিএ, উপ্পল, হায়দরাবাদ–৫০০০৩৯, তেলেঙ্গানা ঠিকানায় আয়োজিত হবে।

এই বিজ্ঞপ্তি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com, www.cse-india.com ও www.incon.in–এ পাওয়া যাবে।

ইনকন ইঞ্জিনিয়ার্স লিমিটেড–এর তরফে

স্বাঃ–

স্থান: হায়দরাবাদ

তারিখ: ০১.০৮.২০২৪

শ্রীধর চৌধুরি

ম্যানেজিং ডিরেক্টর



**SBI**

এসবিআই আরএএসএমইসিসি, হলদিয়া, শাখা কোড ১০৬৮২, ২য় তল, এসবিআই, আইওসি হলদিয়া রিফাইনারি ক্যাম্পাস, পোঃ হলদিয়া অয়েল রিফাইনারি, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৬০৬

**সংশোধনী**

২৯.০৭.২০২৪–এ বিজনেস স্ট্যান্ডার্ড ও আজকাল পত্রিকায় মোটরগাড়ির নিলাম বিক্রয় বিষয়ক নোটিস সাপেক্ষে এটি। নিলামের তারিখ ও সময় এবং পরিদর্শনের তারিখ ও সময় পড়তে হবে: ১) নিলামের তারিখ ০৭.০৮.২০২৪ তারিখে (বুধবার) দুপুর ২টো থেকে ৪টে, ২) পরিদর্শনের তারিখ ০৫.০৮.২০২৪ তারিখে (সোমবার) দুপুর ১২টা থেকে ২টো। বাকি বিষয় অপরিবর্তিত থাকবে। অসুবিধার জন্য দুঃখিত।



**ভুবি স্টেনোভেট প্রাইভেট লিমিটেড**

রেজিস্টার্ড অফিস : রুম নং ৩০৭, সোয়াইকা সেন্টার, ৪এ পোলক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০১

সিআইএন: U27100WB2007PTC120297

ই মেল আইডি: info.bhuvee@gmail.com, যোগাযোগ নং: + ৯১ ৯৮২৯০ ২১১০৭

**ফর্ম নং: সিএএ ২**

**[ধারা নং ২৩০(৩) এবং রুল নং ৬ ও ৭ অনুযায়ী]**

**ন্যাশনাল কোম্পানি ল’ ট্রাইবুনাল, কলকাতা বেঞ্চ সমীপে**

**কোম্পানি অ্যাপ্লিকেশন নং: সিএ (সিএএ) নং: ৬৯/কেবি/২০২৪**

**বিষয়: কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ধারা ২৩০ থেকে ২৩২ এবং অন্যান্য প্রযোজ্য সংস্থাধীনে এবং**

**সম্পর্কিত বিষয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর ধারা ২৩০ থেকে ২৩২ এর অধীনে (উক্ত স্কিম) ভুবি স্টেনোভেট প্রাইভেট লিমিটেড (ভুবি অথবা ট্রান্সফেরর কোম্পানি) এবং সানসিটি মেটালস অ্যান্ড টিউবস প্রাইভেট লিমিটেড (সানসিটি অথবা ট্রান্সফেরি কোম্পানি ১) এবং লেসার পাওয়ার অ্যান্ড ইনফ্রা প্রাইভেট লিমিটেড (লেসার পাওয়ার অথবা ট্রান্সফেরি কোম্পানি ২) এবং তাদের সংশ্লিষ্ট শেয়ারধারকগণ এবং ঋণদাতাগণের মধ্যে ব্যবস্থাপনার কম্পোজিট স্কিম।**

**ভুবি স্টেনোভেট প্রাইভেট লিমিটেডের জামিনবিহীন ঋণদাতাগণের সভার বিজ্ঞপ্তির বিজ্ঞাপন এবং বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে ২৫ জুন, ২০২৪ তারিখের আদেশ এবং ২ জুলাই, ২০২৪ তারিখের সংশোধনী অনুসারে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনাল (মহামান্য ট্রাইবুনাল) কলকাতা বেঞ্চ উপরোক্ত স্কিম বিবেচনার জন্য, এবং উপযুক্ত মনে হলে, ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিসুয়াল উপায়ে (ভিসি/ওএভিএম) ট্রান্সফেরর কোম্পানির জামিনবিহীন ঋণদাতাগণের সভা করার নির্দেশ দিয়েছেন।

উপরোক্ত আদেশ অনুসারে এবং সময় থেকে সময়ান্তরে সংশোধিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ (অ্যাক্ট) প্রযোজ্য সংস্থাধীনে, তার অধীনে রুলস অনুসারে এবং তার অধীনে জারি করা সার্কুলার অনুসারে পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নে বর্ণিত সূচি অনুসারে কোম্পানির জামিনবিহীন ঋণদাতাগণের আলাদা সভা ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিসুয়াল উপায়ে (ভিসি/ওএভিএম) সম্পন্ন হবে, ওই তারিখ এবং সময়ে কোম্পানির জামিনবিহীন ঋণদাতাগণকে উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে:

| সভার চরিত্র | সময় (ভারতীয় প্রমাণ সময়) | সভার তারিখ এবং সময় |
|---|---|---|
| জামিনবিহীন ঋণদাতাগণ | বিকাল ৪:৩০টায় | শুক্রবার, ৬ সেপ্টেম্বর, ২০২৪ |

সংশ্লিষ্ট সভায় তাঁদের প্রস্তাবিত অনুমোদনের জন্য, রেজোলিউশনে জামিনবিহীন ঋণদাতাগণের ভোটদানের সুবিধার জন্য কোম্পানি সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল) এর সুবিধায় উপরোক্ত সভায় সময় (ইনস্টা পোল) রিমোট ইলেকট্রনিক ভোটিং (রিমোট ই–ভোটিং) এবং ই ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের সংস্থান করেছে। ভিসি/ওএভিএমের মাধ্যমে সভায় যোগদান, সভার আগে রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ভোটদান অথবা সভার সময়ে ই–ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের সম্পূর্ণ নির্দেশাবলী সভার বিজ্ঞপ্তিতে দেওয়া আছে।

ব্যক্তিগত বিজ্ঞপ্তি(গুলি) সহ ব্যাখ্যামূলক বিবৃতির প্রতিলিপি এবং স্কিমের প্রতিলিপি সহ উপরোক্ত সভার নথিপত্র ২ আগস্ট, ২০২৪ তারিখে কোম্পানিতে নথিভুক্ত ই মেল আইডির মাধ্যমে জামিনবিহীন ঋণদাতাগণকে পাঠানো হয়েছে, যাঁদের নাম ৩১ জানুয়ারি, ২০২৪ তারিখে কোম্পানির রেকর্ডে আছে এবং যে সকল জামিনবিহীন ঋণদাতাগণের ই মেল আইডি কোম্পানিতে উপলব্ধ নয়, তাঁদের শেষ উপলব্ধ ঠিকানায় ব্যবহারিক কপি পাঠানো হয়েছে।

কোম্পানিজ (কম্প্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্টস অ্যান্ড অ্যামালগামেশনস) রুলস, ২০১৬ এর রুল ৬ এবং কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এর অন্যান্য প্রযোজ্য সংস্থাধীন এবং ধারা ১০২ সহ পঠনীয় ধারা ২৩০ এবং ২৩২ এর অধীনে সভার বিজ্ঞপ্তি, স্কিমের প্রতিলিপি সহ ব্যাখ্যামূলক বিবৃতি ঋণদাতার দ্বারা রিকুইজিশনের এক দিনের মধ্যে ট্রান্সফেরর কোম্পানির রেজিস্টার্ড অফিস থেকে শনিবার, রবিবার এবং ছুটির দিন ছাড়া যে কোনও কাজের দিনে সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টার মধ্যে সভার তারিখ পর্যন্ত বিনামূল্যে পাওয়া যাবে। সিডিএসএল এর ওয়েবসাইটে www.cdslindia.com।

ই–ভোটিংয়ের (রিমোট ই–ভোটিং সহ) নির্ণায়ক তারিখ এবং উপরোক্ত সভার রিমোট ই–ভোটিংয়ের মেয়াদ নিম্নলিখিত:

| বিবরণ | জামিনবিহীন ঋণদাতাগণ |
|---|---|
| নির্ণায়ক তারিখ | ৩১ জানুয়ারি, ২০২৪ |
| রিমোট ই–ভোটিং শুরুর তারিখ এবং সময় | সোমবার, ২ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ৯.০০টায় (ভারতীয় প্রমাণ সময়) |
| রিমোট ই–ভোটিং সমাপ্তির তারিখ এবং সময় | বৃহস্পতিবার, ৫ সেপ্টেম্বর, ২০২৪ বিকাল ৫.০০টায় (ভারতীয় প্রমাণ সময়) |

উপরোক্ত অনুসারে সভার রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের সুবিধা সময়সীমার শেষে নিষ্ক্রিয় করা হবে। জামিনবিহীন ঋণদাতাগণ যাঁরা রিমোট ই–ভোটিং পছন্দ করবেন একমাত্র তাঁরাই সভায় উপস্থিত এবং যোগদান করতে পারবেন কিন্তু সভায় পুনরায় ভোটদান করতে পারবেন না। যেহেতু, সভায় ভিসি/ওএভিএমের মাধ্যমে হবে, সভায় প্রক্সির নিয়োগের সুবিধা পাওয়া যাবে না। অবশ্য, সংস্থাগত/কর্পোরেট ঋণদাতাগণ ইত্যাদি তাঁদের অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করতে পারবেন রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে সভায় যোগদানের জন্য।

জামিনবিহীন ঋণদাতাগণ যাঁদের ই মেল আইডি কোম্পানির রেকর্ডে উপলব্ধ নয়, সভার বিজ্ঞপ্তির সংস্থানে ই–ভোটিংয়ের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড এবং ই মেল আইডি রেজিস্ট্রেশন সভার বিজ্ঞপ্তির সংস্থাপিত প্রস্তাবিত পদ্ধতি অনুসরণ করতে পারেন।

নির্ণায়ক তারিখে যে সমস্ত জামিনবিহীন ঋণদাতাগণের নাম কোম্পানির রেকর্ডে রেকর্ডভুক্ত, একমাত্র ই–ভোটিংয়ের সুবিধা পাবেন এবং জামিনবিহীন ঋণদাতাগণের সভায় যোগদান করতে পারবেন। জামিনবিহীন ঋণদাতাগণের ভোটাধিকার নির্ণায়ক তারিখে কোম্পানির বইতে ঋণের মূল্যের অনুপাতে হবে।

রিমোট ই–ভোটিং, সভা চলাকালীন ই–ভোটিং এবং ভিসি অথবা ওএভিএমের মাধ্যমে সভায় যোগদানের ব্যাপারে কোনও অনুসন্ধান অথবা অভিযোগে, জামিনবিহীন ঋণদাতাগণ ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েস্চেনস (এফএকিউএস) দেখতে পারেন এবং www.evotingindia.com–এর হেল্প সেকশনের ই–ভোটিং ম্যানুয়াল দেখতে পারেন অথবা helpdesk.evoting@cdslindia.com–এ ই মেল লিখতে পারেন অথবা টোল ফ্রি নম্বর ৮০০২১০৯৯১১ তে যোগাযোগ করতে পারেন।

ইলেকট্রনিক উপায়ে ভোটদানের সুবিধার সঙ্গে যুক্ত কোনও অভিযোগে শ্রী রাকেশ দালভি, সিনিয়র ম্যানেজার, (সিডিএসএল) সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ফ্লোর নং ২৫, ম্যারাথন ফিউচারেক্স, মফতলাল মিল কম্পাউন্ডস, এন এম জোশি মার্গ, লোয়ার পরেল (ইস্ট), মুম্বই–৪০০০১৩ জানাতে পারেন অথবা helpdesk.evoting@cdslindia.com–তে ই মেল পাঠাতে পারেন অথবা টোল ফ্রি নম্বর ৮০০২১০৯৯১১ তে ফোন করতে পারেন।

মহামান্য ট্রাইবুনাল শ্রী পতিত পাবন বিসওয়ালকে উক্ত সভার চেয়ারপার্সন হিসাবে এবং শ্রী সন্দীপ কেজরিওয়ালকে সভার স্ক্রুটিনাইজার হিসাবে নিয়োগ করেছেন।

রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে ভোটদান এবং সভা চলাকালীন ই–ভোটিংয়ের ফলাফল সভার নিষ্পত্তির তারিখ থেকে পাঁচদিনের মধ্যে ট্রান্সফেরর কোম্পানির রেজিস্টার্ড অফিসে ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজারের রিপোর্ট সহ ফলাফল ট্রান্সফেরর কোম্পানির রেজিস্টার্ড অফিস রুম নং ৩০৭, সোয়াইকা সেন্টার, ৪এ পোলক স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০০১ এবং সিডিএসএল এর ওয়েবসাইট www.evotingindia.com–তে দেওয়া হবে।

উপরোক্ত স্কিম, সভায় অনুমোদন হলে, মহামান্য ট্রাইবুনালের অনুমোদনসাপেক্ষ হবে।

স্বা/–

তারিখ: ১ আগস্ট, ২০২৪

স্থান: কলকাতা

**শ্রী পতিত পাবন বিসওয়াল, অ্যাডভোকেট**

জামিনবিহীন ঋণদাতাগণের সভার নিযুক্ত চেয়ারপার্সন



**AkzoNobel**

**অ্যাকজো নোবেল ইন্ডিয়া লিমিটেড**

**CIN: L24292WB1954PLC021516**

**রেজিস্টার্ড অফিস:** গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট, দ্বিতীয় তল, ৮–বি, মিডলটন স্ট্রিট, কলকাতা–৭০০০৭১

**৩০ জুন, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিকে অনিরীক্ষিত স্বতন্ত্র ও পুঞ্জীভূত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার**

(শেয়ার প্রতি তথ্য বাদে মিলিয়ন টাকার অঙ্কে)

| বিবরণ | স্বতন্ত্র | | | পুঞ্জীভূত | | |
|---|---|---|---|---|---|---|
| | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত বছর | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত বছর |
| | ৩০–জুন–২৪ | ৩০–জুন–২৩ | ৩১–মার্চ–২৪ | ৩০–জুন–২৪ | ৩০–জুন–২৩ | ৩১–মার্চ–২৪ |
| | অনিরীক্ষিত | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) | অনিরীক্ষিত | (অনিরীক্ষিত) | (নিরীক্ষিত) |
| কারবার থেকে মোট আয় | ১০,৪৫৯.৭৩ | ১০,০৭৩.৫৭ | ৩৯,৯৭৩.৫৫ | ১০,৪৫৯.৭৩ | ১০,০৭৩.৫৭ | ৩৯,৯৭৩.৫৫ |
| সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে) | ১,৫৪২.৮৪ | ১,৪৭৫.৫৭ | ৫,৭৩১.০০ | ১,৫৪২.৮৪ | ১,৪৭৫.৫৭ | ৫,৭৩০.০০ |
| সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে) | ১,১৪৬.১১ | ১,০৯৮.৫৮ | ৪,২৬৬.৮৪ | ১,১৪৬.১১ | ১,০৯৮.৫৮ | ৪,২৬৫.৮৪ |
| সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয় [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা এবং অন্যান্য কর–পরবর্তী বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে] | ১,১৩৯.২৬ | ১,০৯৩.৩৭ | ৪,২৩৫.১৫ | ১,১৩৯.২৬ | ১,০৯৩.৩৭ | ৪,২৩৫.১৫ |
| আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ₹১০/–) | ৪৫৫.৪০ | ৪৫৫.৪০ | ৪৫৫.৪০ | ৪৫৫.৪০ | ৪৫৫.৪০ | ৪৫৫.৪০ |
| শেয়ার প্রতি বুনিয়াদি ও মিশ্রিত আয় (বার্ষিকীকৃত নয়) | ২৫.১৭ | ২৪.১২ | ৯৩.৭০ | ২৫.১৭ | ২৪.১২ | ৯৩.৬৮ |
| রিজার্ভ (পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে) | ১৩,৯৬৩ | ১২,৬৮৯ | ১২,৮২৫ | ১৩,৯৬৩ | ১২,৬৯৬ | ১২,৮২৫ |
| নেট সম্পত্তি | ১৪,৪৩০ | ১৩,১৫৬ | ১৩,২৯২ | ১৪,৪৩০ | ১৩,১৬৩ | ১৩,২৯২ |

দ্রষ্টব্য:

১) উপরিলিখিত স্বতন্ত্র ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি ১ আগস্ট, ২০২৪ আয়োজিত নিজ নিজ সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে। ৩০ জুন, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি বিধিবদ্ধ নিরীক্ষকদের সীমিত পর্যালোচনা সাপেক্ষ হয়েছে।

২) উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৩৩ অনুসারে স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সংক্ষিপ্তসার। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বয়ান এনএসই ও বিএসই–এর ওয়েবসাইট অর্থাৎ, যথাক্রমে www.nseindia.com ও www.bseindia.com–সহ কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ, www.akzonobel.co.in–তেও উপলব্ধ রয়েছে।

**স্থান: গুরুগ্রাম**

**তারিখ: ১ আগস্ট, ২০২৪**

**পরিচালকমণ্ডলীর জন্য ও তরফে**

**স্বাঃ–**

**রাজীব রাজগোপাল**

**ম্যানেজিং ডিরেক্টর**

**DIN: 06685599**